# উপজেলা পরিষদ ফুলবাড়ী, দিনাজপুর এর জুন, ২০২৫ মাসের সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ ইসাহাক আলী
প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, দিনাজপুর।
তারিখ : ১৯.০৬.২০২৫ খ্রি.
সময় : সকাল- ১০:০০ ঘটিকা

উপস্থিত সদস্যগণের তালিকা : 'ক'
অনুপস্থিত সদস্যগণের তালিকা: 'খ'

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতি পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। তিনি সভায় উপস্থিত সকল সদস্যগণকে স্ব স্ব দপ্তরের কার্যক্রম সভায় উপস্থাপনের জন্য আহবান জানান। অতঃপর নিম্নরূপ বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়;

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে আপাতত কোন সমস্যা নেই। সভায় তিনি আরও জানান যে, ফুলবাড়ী উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত রাস্তাসমূহের বিটুমিন কার্পেটিং উঠে যাওয়ায় চলাচলের অনুপযোগী হয়ে গেছে। উপজেলা পরিষদ চত্বরে ড্রেন না থাকায় পানি নিষ্কাশন না হওয়ায় জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে, সাধারণ নাগরিক সেবা গ্রহণ করতে এসে সমস্যায় পড়ছেন। এছাড়াও উপজেলা পরিষদের উত্তর ও পূর্ব পাশের সীমানা প্রাচীর জরাজীর্ণ অবস্থায় আছে এ গুলি মেরামত করা প্রয়োজন। এছাড়াও উপজেলা পরিষদ চত্বরের পুকুরটি ব্যবহার অনুপযোগি হয়ে পড়েছে। পুকুরটির ঘাট ও পুকুরের পাড় মেরামত করা প্রয়োজন। চেয়ারম্যান এলুয়াড়ী ইউপি ফুলবাড়ী দিনাজপুর সভায় জানান যে, এলুয়াড়ী ইউনিয়নের গোলারঘাট হতে তাজপুর বিওপি ক্যাম্প পর্যন্ত রাস্তা চলাচলের অনুপযোগী হয়ে গেছে, গনিপুর পাকা রাস্তা হতে আমবাড়ী পাকা রাস্তা পর্যন্ত রাস্তা ও বেজাই মোড় হতে রুদ্রানী হাট পর্যন্ত রাস্তা মেরামতের জরুরী প্রয়োজন। এছাড়াও তিনি আরও বলেন যে, পানিকাটা রাস্তার টেন্ডার পরবর্তী কোন কার্যক্রম শুরু হচ্ছে না এবং জোয়ার জগন্নাথপুর পাকা রাস্তার কাজের কোন অগ্রগতি নেই। সভায় তিনি রাস্তাগুলি দ্রুত মেরামতের বিষয়টি উপস্থাপন করেন।<br>চেয়ারম্যান, ০৬নং দৌলতপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, দৌলতপুর ইউনিয়নের কয়েক গ্রামের মানুষ খয়েরবাড়ী বাজারসহ ফুলবাড়ী শহরে আসার গুরুত্বপূর্ণ রাস্তা দৌলতপুর ইউনিয়নের বাগধারা মোড় (আর এনড এইচ) হতে খয়েরবাড়ী বাজার নদীর ঘাট রাস্তার চেইনেজ ২২৫০ মি. আয়রন ব্রীজের এ্যাপ্রোচ নির্মাণ করা প্রয়োজন এবং একই রাস্তার চেইনেজ ২৩০০ মি. রাস্তা ভাঙন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন।<br>প্যানেল চেয়ারম্যান, ০৩নং কাজিহাল ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, কাজিহাল ইউনিয়নের ভেড়ম মৌজার বাসীয়াপাড়া গ্রামের রাস্তার ধার ভাঙন রোধের জরুরীভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করা হলে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে। উক্ত রাস্তাটির ভাঙন রোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | ১) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং উপজেলার সকল ইউনিয়নের সংস্কারযোগ্য রাস্তাসমূহ সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>০২। উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুর জরুরীভাবে উপজেলা পরিষদ চত্বরের রাস্তা, ড্রেন ও সীমানা প্রচীর সংস্কার ও উপজেলা পরিষদ চত্বরের পুকুর পাড় ও ঘাট সংস্কারের জন্য জরুরীভাবে প্রাক্কলন প্রস্তুত করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>০৩। উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুর জরুরীভাবে দৌলতপুর ইউনিয়নের বাগধারা মোড় (আর এন্ড এইচ) হতে খয়েরবাড়ী বাজার নদীর ঘাট রাস্তার চেইনেজ ২২৫০ মি. আয়রন ব্রীজের এ্যাপ্রোচ নির্মাণ এবং একই রাস্তার চেইনেজ ২৩০০ মি. রাস্তা ভাঙন রোধ ও কাজিহাল ইউনিয়নের ভেড়ম মৌজার বাসীয়াপাড়া গ্রামের রাস্তার ধার ভাঙন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। রোপা আমনের প্রণোদনা বিতরণ চলমান আছে। সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী দিনাজপুর |
| ০৩ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। ফুলবাড়ী উপজেলায় লাম্পি স্কিন ডিজিজের প্রাদুর্ভাব বর্তমানে নেই। কোন নতুন আক্রান্ত রোগী পাওয়া যাচ্ছে না। এছাড়াও এলুয়াড়ী ইউনিয়নে কৃত্রিম প্রজনন কর্মী নতুন করে নিয়োগ দেয়ার জন্য প্রার্থী নির্বাচন করা প্রয়োজন। এছাড়াও তিনি সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সামনে এবং প্রধান সড়ক সংলগ্ন অবৈধ স্থাপনা অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>২। সভায় সর্বসম্মতিক্রমে এলুয়াড়ী ইউনিয়নে কৃত্রিম প্রজনন কর্মী নতুন করে নিয়োগ দেয়ার নিমিত্ত প্রার্থী নির্বাচনের জন্য বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৩। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সামনে সকল অবৈধ স্থাপনা অপসারণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী দিনাজপুর |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। এলুয়াড়ী ইউনিয়নে পূর্বের নির্মাণ করা আবাসনগুলির টিন নষ্ট হয়ে গেছে। ঘরগুলি দ্রুত মেরামত করা প্রয়োজন। | ০১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখবেন।<br>০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর এলুয়াড়ী ইউনিয়নসহ উপজেলার সকল ইউনিয়নের আবাসনগুলি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কর্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই | উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৭ | মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। VWB কর্মসূচির আওতায় জুলাই, ২০২৫ হতে জুন, ২০২৭ পর্যন্ত ০২ বছর মেয়াদী উপকারভোগী নির্বাচনের কার্যক্রম চলমান। ইউনিয়ন থেকে প্রাথমিক তালিকা অনলাইনে পাওয়া গেছে, হার্ডকপি এবং ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। জুন, ২০২৫ এর মধ্যে প্রাপ্ত তালিকা উপজেলা কমিটি কর্তৃক অনুমোদন করা প্রয়োজন। তাই সভায় সকল ইউপি চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণকে হার্ডকপি ও সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করেন। এছাড়াও মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের মার্চ, ২০২৫ হতে জুন, ২০২৫ পর্যন্ত মোট ০৪ মাসের উপকারভোগীর তালিকা অনলাইনে চূড়ান্ত অনুমোদন দেয়া হয়েছে। | ০১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। সভায় বিস্তারিত আলোচনান্তে VWB কর্মসূচির আওতায় জুলাই, ২০২৫ হতে জুন, ২০২৭ পর্যন্ত ০২ বছর মেয়াদী উপকারভোগী নির্বাচনের হার্ড কপি ও ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী যথাসময়ে উপজেলা কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৮ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী বলেন যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ০৯ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখবেন। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১০ | উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর বলেন যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত), ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১২ | উপজেলা আইসিটি অফিস | সহকারী প্রোগ্রামার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। উপজেলা পর্যায়ে সকল অফিস ও ইউনিয়ন পরিষদ তাদের স্ব স্ব ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করবেন এবং বিগত সরকারের সকল ছবিসহ তথ্য মুছে ফেলে নতুন করে হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | ০১। সহকারী প্রোগ্রামার, ফুলবাড়ী, দিনাজপুর চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। সভায় বিস্তারিত আলোচনান্তে সকল দপ্তর তাদের স্ব স্ব ওয়েব পোর্টাল হালনাগাদ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রোগ্রামার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৩ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী সভায় জানান তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী হাট-বাজার নিয়মিত পরিদর্শন করে জাটকা সংরক্ষণ অভিযান পরিচালনা ও নিষিদ্ধ জাল জব্দ অব্যাহত রাখবেন। | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী সভায় জানান তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। সামাজিক নিরাপত্তা কর্মসূচির সকল ভাতাসমূহের ৪র্থ কিস্তির জুন, ২০২৫ মাসের পে-রোল প্রেরণ করা হয়েছে। এছাড়াও পল্লী সমাজসেবা কার্যক্রম চলমান আছে। চলতি মাসে ক্ষুদ্র ঋণ কার্যক্রম চলমান আছে এবং আদায়ের হার ৯৪%। | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৫ | পরিবার পরিকল্পনা অফিসঃ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। ঔষধ ও জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর সংকট চলমান আছে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে ওষুধ ও জন্মনিয়ন্ত্রণ সামগ্রী সংকট সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৭ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম যথানিয়মে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে সরকারি ভাবে ১০.০০ কি: মি: স্ট্রীপ বনায়নের কার্যক্রম জুন, ২০২৫ মাসের শেষে দিকে শুরু করা হবে। ২০২৪-২০২৫ অর্থ বছরে শিবনগর ইউনিয়ন ভূমি অফিসে ভবানীপুর বীটের অধীনে থাকা ০৫টি মৌজার ভূমি উন্নয়ন কর বাবদ ৪৭,১০৮/- টাকা পরিশোধ করা হয়েছে। সভায় তিনি আরও জানান যে, মে, ২০২৫ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীর ৩৯ (১,২) নং সিদ্ধান্ত অনুযায়ী উপজেলার প্রতিটি ইউনিয়নে ও পৌরসভায় ৭,০০০ (সাত হাজার) টি করে বনজ, ফলজ ও ঔষধি (ইউক্যালিপটাস ও আকাশমনি গাছ ব্যতীত) চারা রোপনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ফুলবাড়ী উপজেলায় সকল শিক্ষা প্রতিষ্ঠান, ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ভূমি অফিস, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসহ সকল গুরুত্বপূর্ণ সড়কে (ক) সৌন্দর্য বর্ধন গাছ: জারুল, কৃষ্ণচূড়া, পলাশ, কদম, শিমুল, চম্পা (খ) ঔষধি গাছ: অর্জুন, হরিতকি, আমলকি ও বহেরা (গ) ফলজ গাছ: তাল, আম, কাঠাল, জাম ও লেবু (ঘ) বনজ গাছ: মেহগনি ও পিতরাজসহ বিভিন্ন গাছের চারা রোপন করার প্রস্তাব করেন। | ০১। উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br><br>০২। দিনাজপুর জেলাধীন ফুলবাড়ী উপজেলার প্রতিটি ইউনিয়নে ৭,০০০ (সাত হাজার) টি করে চারা ফুলবাড়ী উপজেলায় সকল শিক্ষা প্রতিষ্ঠান, ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ভূমি অফিস, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসহ সকল গুরুত্বপূর্ণ সড়কে (ক) সৌন্দর্য বর্ধন গাছ: জারুল, কৃষ্ণচূড়া, পলাশ, কদম, শিমুল, চম্পা (খ) ঔষধি গাছ: অর্জুন, হরিতকি, আমলকি ও বহেরা (গ) ফলজ গাছ: তাল, আম, কাঠাল, জাম ও লেবু (ঘ) বনজ গাছ: মেহগনি গাছ রোপনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ০১। উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর<br><br>০২। প্রশাসক ফুলবাড়ী পৌরসভা<br><br>০৩। উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুর<br><br>০৩। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| ১৮ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার, ফুলবাড়ী এর প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। নতুন ভোটার অর্ন্তভুক্তি, ভোটার স্থানান্তর ও জাতীয় পরিচয় পত্র সংশোধন কার্যক্রম চলমান আছে। | উপজেলা নির্বাচন অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১৯ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বিএমডিএ ইউনিট-২ জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, ফুলবাড়ী, দিনাজপুর |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ২১ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, ফুলবাড়ী সভায় সভায় জানান তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, দিনাজপুর |
| ২২ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেল সিনিয়র দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। | উপজেল সিনিয়র দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | সিনিয়র পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | নেসকো | আবাসিক প্রকৌশলী, নেসকো, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। তিনি ফুলবাড়ী উপজেলার আওতাধীন বিভিন্ন সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও সকল শিক্ষা প্রতিষ্ঠানের জুন, ২০২৫ মাসসহ সকল বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ফুলবাড়ী উপজেলার আওতাধীন সকল সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও সকল শিক্ষা প্রতিষ্ঠান জুন, ২০২৫ মাসসহ সকল বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | আবাসিক প্রকৌশলী, নেসকো, ফুলবাড়ী, দিনাজপুর |
| ২৪ | হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ | প্যানেল চেয়ারম্যান, কাজিহাল ইউপি ফুলবাড়ী, দিনাজপুর বলেন যে উপজেলা পরিষদ এখতিয়ারাধীন বড় ২টি হাট-বাজারের মধ্যে তাঁর ইউনিয়নের আটপুকুর হাট ও বাজার একটি। কিন্তু উক্ত হাট ও বাজারটি সিসি ক্যামেরার আওতায় না থাকায় হাটের ভিতরে চুরি বৃদ্ধিসহ রাতেরবেলায় বিভিন্ন আইন শৃঙ্খলা পরিপন্থি কাজ হচ্ছে। এছাড়াও বাজারের ভিতরে মাছ বাজার হতে পশ্চিম দিকে মসজিদ পর্যন্ত পানি নিষ্কাশন ড্রেন ও সবজি বাজারের মধ্যে পানি নিষ্কাশন ড্রেনটিতে ময়লা আবর্জনায় ভর্তি হওয়ায় ড্রেনের পানি নিষ্কাশনে বাঁধাগ্রস্ত হয়ে ময়লা পানিতে বাজারের ভিতরের রাস্তাগুলি জলাবদ্ধ হয়ে থাকে এবং বাজারের ভিতরে টিউবওয়েলগুলি দীর্ঘদিন থেকে অকেজো হয়ে রয়েছে। অকেজো টিউবওয়েলগুলি বারবার মেরামত করা হলেও সচল হয় না এবং হাটের ভিতরের গণশৌচাগারটিতে কে বা কারা তালাবদ্ধ করে রেখেছে। এতে হাট-বাজারে আগত ক্রেতা ও বিক্রেতাদের হরহামেশাই নানা প্রকার সমস্যায় পড়তে হচ্ছে। তাই বিশুদ্ধ পানি সরবরাহের জন্য হাটটিতে টিউবওয়েল স্থাপনসহ হাটের ভিতরের গণশৌচাগারটি খুলে দেয়া আবশ্যক। এ বিষয়ে উক্ত হাটে নিযুক্ত ইজারাদারের অভিযোগের প্রেক্ষিতে মৌখিকভাবে ইতোপূর্বে জানানো হয়েছে। কিন্তু অদ্যাবধি সমস্যা নিরসনে কোন প্রকল্প গ্রহণ করা হয়নি। এছাড়াও পুখুরী হাটে ড্রেন না থাকায় হাটটিতে জলাবদ্ধতা হয়ে থাকে। তাই উপরোক্ত সমস্যাগুলি জরুরিভিত্তিতে নিরসনের নিমিত্ত নিম্নোক্ত প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>ক) আটপুকুর হাট ও বাজারে মেইন রাস্তার পার্শ্বে জলাবদ্ধতা নিরসণের নিমিত্ত ড্রেন নির্মাণ<br><br>খ) আটপুকুর হাট ও বাজারে ব্যবসায়ী ও ক্রেতা সাধারণের নিরাপত্তার নিমিত্ত সিসি ক্যামেরা স্থাপন;<br><br>গ) আটপুকুর হাট ও বাজারে মাছ বাজার হতে পশ্চিম দিকে মসজিদ পর্যন্ত ড্রেন পরিষ্কার ও সংস্কারকরণ;<br><br>ঘ) আটপুকুর হাট ও বাজারে সবজি বাজারের ড্রেন পরিষ্কার ও সংস্কারকরণ;<br>ঙ) আটপুকুর হাট ও বাজারে টিউবওয়েল স্থাপন;<br>চ) পুখুরী হাট ও বাজারে জলাবদ্ধতা নিরসনে ড্রেন নির্মাণ<br><br>প্যানেল চেয়ারম্যান বেতদিঘী ইউপি ফুলবাড়ী দিনাজপুর বলেন যে, উপজেলা পরিষদ এখতিয়ারাধীন বড় ২টি হাট-বাজারের মধ্যে তাঁর ইউনিয়নের মাদিলা হাট ও বাজার একটি। হাটের মধ্যের মসজিদের শেষ সীমানা হতে মাহাবুব মাস্টারের বাড়ি পর্যন্ত রাস্তাটি কাঁচা হওয়ায় ক্রেতা ও বিক্রেতারা হাটে আসতে পারে না। তাই উক্ত রাস্তাটি সিসিকরণ করা আবশ্যক এবং হাটের ড্রেনগুলির উপরে স্লাব না থাকায় হাট-বাজারের ময়লা আবর্জনা ড্রেনগুলিতে জমা হয়ে পানি নিষ্কাশন না হওয়ায় জলাবদ্ধতার সৃষ্টি হয়। তাই হাটের ড্রেনের উপরে স্লাব দেওয়াসহ ড্রেনগুলি পরিষ্কার ও সংস্কার করা প্রয়োজন। এছাড়াও হাটের পূর্বদিকের মাছ বাজারের সেডটিতে টিনের ছাউনি না থাকায় বর্ষা ও খরা মৌসুমে মাছ বিক্রেতারা দোকান দিতে পারে না। মাছ বাজারের সেডটিতে টিনের ছাউনি না দিলে মাছ বিক্রেতারা হাটে আসবেন না মর্মে বারবার অভিযোগ করে। জরুরিভাবে হাটিতে নিম্নোক্ত প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ জানান;<br>ক) মাদিলা হাট ও বাজারে মসজিদের শেষ সীমানা হতে মাহাবুব মাস্টারের বাড়ী পর্যন্ত রাস্তা সিসিকরণ; | ক) আটপুকুর হাট ও বাজারে মেইন রাস্তার পার্শ্বে জলাবদ্ধতা নিরসণের নিমিত্ত ড্রেন নির্মাণ প্রকল্পটি হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের ১৫% অর্থে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো<br>খ) আটপুকুর হাট ও বাজারে ব্যবসায়ী ও ক্রেতা সাধারণের নিরাপত্তার নিমিত্ত সিসি ক্যামেরা স্থাপন প্রকল্পটি হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের ১৫% অর্থে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো<br>গ) আটপুকুর হাট ও বাজারে মাছ বাজার হতে পশ্চিম দিকে মসজিদ পর্যন্ত ড্রেন পরিষ্কার ও সংস্কারকরণ প্রকল্পটি হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের ১৫% অর্থে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো<br>ঘ) আটপুকুর হাট ও বাজারে সবজি বাজারের ড্রেন পরিষ্কার ও সংস্কারকরণ প্রকল্পটি হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের ১৫% অর্থে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো<br>ঙ) আটপুকুর হাট ও বাজারে টিউবওয়েল স্থাপন প্রকল্পটি হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের ১৫% অর্থে দ্রুত বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়;<br>চ) পুখুরী হাট ও বাজারে জলাবদ্ধতা নিরসনে ড্রেন নির্মাণ প্রকল্পটি হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের ১০% অর্থে দ্রুত বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ক) মাদিলা হাট ও বাজারে মসজিদের শেষ সীমানা হতে মাহাবুব মাস্টারের বাড়ী পর্যন্ত রাস্তা সিসিকরণ প্রকল্পটি হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের ১৫% অর্থে দ্রুত বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়;<br>খ) মাদিলা হাট ও বাজারে ড্রেনগুলির উপরে স্লাব নির্মাণ প্রকল্পটি হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের ১৫% অর্থে দ্রুত বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়;<br>গ) মাদিলা হাট ও বাজারে ড্রেনগুলি পরিষ্কার ও সংস্কারকরণ এবং উচুনিচু জায়গা মাটি দ্বারা ভরাটকরণ প্রকল্পটি হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের ১৫% অর্থে দ্রুত বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়;<br>ঘ) মাদিলা হাট ও বাজারে মাছ বাজারের সেডটিতে টিনের ছাউনি নির্মাণ প্রকল্পটি হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের ১৫% অর্থে দ্রুত বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়;<br>ক) খয়েরবাড়ী হাট ও বাজারের ড্রেনগুলি পরিষ্কার ও সংস্কারকরণ প্রকল্পটি হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের ১০% অর্থে দ্রুত বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়; | ১. উপজেলা প্রকৌশলী<br><br>২. চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান (সকল) ইউপি<br>৩. সংশ্লিষ্ট সকল |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ) মাদিলা হাট ও বাজারে ড্রেনগুলির উপরে স্লাব নির্মাণ;<br>গ) মাদিলা হাট ও বাজারে ড্রেনগুলি পরিষ্কার ও সংস্কারকরণ এবং উচুনিচু জায়গা মাটি দ্বারা ভরাটকরণ<br>ঘ) মাদিলা হাট ও বাজারে মাছ বাজারের সেডটিতে টিনের ছাউনি নির্মাণ<br>প্যানেল চেয়ারম্যান খয়েরবাড়ী ইউপি ফুলবাড়ী দিনাজপুর বলেন যে, খয়েরবাড়ী হাট-বাজারের মধ্যে ড্রেনগুলি দীর্ঘদিন থেকে পরিষ্কার না করায় বর্ষার পানি নিষ্কাশন না হওয়ায় হাটে জলাবদ্ধতার কারণে ক্রেতা ও বিক্রেতার আসতে পারে না। তাই নিম্নোক্ত প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ জানান<br>জরুরিভাবে হাটটিতে নিম্নোক্ত প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ জানান;<br>ক) খয়েরবাড়ী হাট ও বাজারের ড্রেনগুলি পরিষ্কার ও সংস্কার করণ | | |

৪। বিবিধঃ উপজেলা পরিষদ চত্বরের বাসা-বাড়ীর বিভিন্ন মেরামত, আপ্যায়ন ও অন্যান্য দ্রব্য ক্রয় বাবদ খরচের ব্যয় বিবরণী ভূতাপেক্ষ অনুমোদনের নিমিত্ত নিম্নোক্তভাবে দাখিল করা হয়;

| | |
|---|---|
| মো: নাদির হোসেন, আনসার, এর মে ২০২৫ মাসের মজুরী বিল | ২৪,৭৫০/- |
| মো: আতাউর রহমান, মালী এর মে, ২০২৫ মাসের মজুরী বিল | ২৪,৭৫০/- |
| শ্রী নয়ন চন্দ্র বর্মন, পরিচ্ছন্নতা কর্মী এর মে, ২০২৫ মাসের মজুরী বিল | ১৬,৫০০/- |
| উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের এপ্রিল, ২০২৫ মাসের বিদ্যুৎ বিল | ২৬,৮৭৯/- |
| ক্রীড়া সামগ্রী ক্রয় বিল | ২৫,০০০/- |
| প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের মার্চ, ২০২৫ ও এপ্রিল, ২০২৫ মাসের সম্মানী | ২,০৮০/- |
| ক্রীড়া সামগ্রী ক্রয় বিল | ২৫,০০০/- |
| ইলেক্ট্রিক মালামাল ক্রয় বিল | ২২,৩১০/- |
| সিসি ক্যামেরা মেরামত বিল | ১১,৬০০/- |
| উপজেলা পরিষদ পরিষ্কার পরিচ্ছন্নতা বিল | ২৫,০০০/- |
| সিসি ক্যামেরা মেরামত বিল | ২৩,১৬৯/- |
| উপজেলা পরিষদ পরিষ্কার পরিচ্ছন্নতা বিল | ২৫,০০০/- |
| উপজেলা পরিষদের মে, ২০২৫ মাসের বিদ্যুৎ বিল | ৩৪,২৯১/- |
| মে, ২০২৫ মাসের উপজেলা পরিষদের আনুষাঙ্গিক বিল | ৫,০০০/- |
| মে, ২০২৫ মাসের উপজেলা পরিষদ আপ্যায়ন বিল | ১০,০০০/- |
| মে, ২০২৫ মাসের উপজেলা পরিষদ আপ্যায়ন বিল | ১০,০০০/- |
| মে, ২০২৫ মাসের উপজেলা পরিষদ আপ্যায়ন বিল | ১০,০০০/- |

উপরোক্ত ব্যয় বিবরণী সর্বসম্মতিক্রমে ভূতাপেক্ষভাবে অনুমোদন করা হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কে সভায় অবহিত করেন। তিনি ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং এর সাজা সম্পর্কে জনসচেতনতার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ের প্রতিটি সভায় আলোচনা অব্যাহত রাখার জন্য সভাপতির মাধ্যমে সকল ইউপি চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানদের অনুরোধ জনান। | চেয়ারম্যান, সকল ইউপি ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং এর সাজা সম্পর্কে জনসচেতনতার লক্ষ্যে, ইউনিয়ন পর্যায়ের প্রতিটি সভায় আলোচনা অব্যাহত রাখবেন। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৭/২০২৫
(মোঃ ইসাহাক আলী)
প্রশাসক
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, দিনাজপুর।
ফোন- ০২৫৮৮৮৭৮২৪২৪



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।
www.fulbari.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৫২.০০২.২০২৫-৮৭৮ — তারিখ: ০৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ, ১৯ জুন, ২০২৫ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
০৩। জেলা প্রশাসক, দিনাজপুর
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৫। প্রশাসক, ফুলবাড়ী, পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।
০৬। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান............................................... ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।
০৭। উপজেলা ............................................... কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর।
০৮। সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি অফিস, ফুলবাড়ী, দিনাজপুর। (তাঁকে সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)

১৯/০৬/২০২৫
(মোঃ ইসাহাক আলী)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর
ফোন- ০২৫৮৮৮৭৮২৪২৪
ই-মেইলঃ fulbariuno@gmail.com